উৎসবেঃ
বিপদেঃ
সম্পদেঃ
প্রয়োজন টাকার :—আপনাকে টাকা উপার্জ্জন করতে সঞ্চয় করতে ও বর্দ্ধিত করতে সাহায্য করবে
দি
ইণ্ডিয়ান ষ্ট্যাণ্ডার্ড ব্যাঙ্ক লিঃ
স্থাপিত ১৯২৮
হেড অফিস :—৩নং ম্যাঙ্গো লেন, কলিকাতা
বিশেষ সর্ত্তাদির জন্য স্থানীয় ব্যাঙ্কে অনুসন্ধান করুন
জঙ্গীপুর শাখার
ম্যানেজিং এজেন্ট :— পি, চ্যাটার্জ্জি, বি-এল।
ম্যানেজিং ডিরেক্টর :— পি, কে, গুহ।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—০:০—

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ [...] হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩২শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৯শে ভাদ্র বুধবার ১৩৫২ ইংরাজী 5th Sep. 1945 { ১৭শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৫৪ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৵০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা **স্যাঙ্গো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাঙ্গো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা

## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা উৎসাহ, কত শান্তির ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ়-বাস্তবের আঘাতে ভেঙ্গে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন পাথেয় নিয়ে দাঁড়াবে?—

জীবনযাত্রার অনিশ্চিতপথে জীবনবীমা মানুষের প্রধান পাথেয়।

হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

১৯৪৪ সালে নূতন বীমা ১০ কোটী টাকার উপর

## হিন্দুস্থান কো-অপারেটিভ্

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংসঃ কলিকাতা

## [Boar]d of Revenue, Bengal.

[.. "..]n" Group, Wards Branch. 1945.

[U]nder the provisions of Section 65 of Act [..] (B.C.) of 1879, the Court of Wards hereby [dire]cts that its Jurisdiction over the Matiari Wards Estate in the district of Nadia shall cease from the 7th September, 1945 and that the owner of the said estate shall be restored to the possession thereof from the said date subject to any contract entered into by the Court for the preservation or benefit of the said estate.

By order of the Court of Wards, Bengal.
Sd. P. R. Das Gupta.
Secretary.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৯শে ভাদ্র বুধবার সন ১৩৫২ সাল

## প্লাবিত অঞ্চলে সরকারী সাহায্য

সম্প্রতি জলপ্লাবনের ফলে ময়মনসিংহ জেলার যে সমস্ত অঞ্চল ক্ষতিগ্রস্ত হইয়াছে সেই সমস্ত অঞ্চলের দুর্গত জনসাধারণকে অবিলম্বে কৃষি-ঋণ দিবার জন্য এবং খয়রাতী সাহায্য করিবার জন্য বাঙলা গভর্ণমেণ্ট যথাক্রমে ১০০০০০৲ টাকা ও ১০০০০৲ টাকা মঞ্জুর করিয়াছেন। পাবনা জেলার বন্যা-প্রপীড়িত ব্যক্তিদের সাহায্যের জন্যও এক লক্ষ টাকা মঞ্জুর করা হইয়াছে।

---

## নিম গাছের গুণ

### সরকারী গবেষণাগারে পরীক্ষার ফলাফল

নিম গাছের উপকারিতা সম্বন্ধে আমাদের দেশে সকলেরই কিছু কিছু জানা আছে। নিম পাতা, নিম গাছের ছাল, নিমের কাথ প্রভৃতি নানারোগের বিশেষতঃ চর্ম্মরোগের খুব ভাল ঔষধ এবং বহুদিন হইতেই এই সব ঔষধ সকলের নিকটে সুপরিচিত। দাঁতের রোগে নিমের মাজন বা নিম ডালের দাঁতন অনেকেই ব্যবহার করিয়া থাকেন। নানা রোগের বীজাণুনাশক ক্ষমতাও নিম গাছের খুব বেশী।

ভারত সরকারের বিজ্ঞান ও শিল্প গবেষণা প্রতিষ্ঠানের রাসায়নিক গবেষণাগারে নিম সম্বন্ধে নানারূপ পরীক্ষার পর সম্প্রতি নিমের রোগনাশক উপাদানগুলি পৃথক করা গিয়াছে। উহার নাম দেওয়া হইয়াছে নিমবিডিন সিরিজ। নিমের এই রোগনাশক উপাদান হইতে এখন দুরারোগ্য চর্ম্মরোগ, জ্বর, পুরাতন রোগ ও উপসর্গাদি সারাইবার খুব জোরালো ঔষধ তৈরী হইতেছে।

---

## সাইরেণ বাজানোর উপর নিষেধাজ্ঞা রহিত

বঙ্গীয় বিমান আক্রমণ সংক্রান্ত আদেশানুযায়ী বিমান আক্রমণের সঙ্কেতধ্বনি জ্ঞাপন ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে সাইরেণ বা অন্য কোন বাঁশী বাজানো নিষিদ্ধ হইয়াছিল। বর্ত্তমানে এই নিষেধাজ্ঞা প্রয়োগ করার প্রয়োজন নাই। ফ্যাক্টরী, মিল প্রভৃতি প্রতিষ্ঠান নিজেদের প্রয়োজন-বোধে সাইরেণ বা অন্য কোন বাঁশী বাজাইতে পারিবে।

---

## জীবন্ত তলপী

এসেক্সের অন্তঃপাতী চিংফোডবাসিনী এক বিংশবর্ষীয়া শিক্ষয়িত্রী শ্বোন্ কোপটি মার্কিন বিমানবাহিনীর একজন অফিসারকে বিবাহ করে। বিবাহের ১৭ দিন পরে স্বামীকে কর্ম্মব্যপদেশে ফ্রান্সে রওনা হইতে হয়। স্ত্রীর সাধ সেও স্বামীর সঙ্গিনী হয়। কিন্তু কর্ত্তৃপক্ষের বিনানুমতিতে যায় কি করিয়া? অবশেষে সে এক ফন্দী আঁটিল। স্থির করিল স্বামীর লগেজ হইয়াই যাইবে। সে চার ফুট লম্বা দুই ফুট প্রস্থ এক প্যাকিং বাক্সে ঢুকিয়া পড়িল এবং জীবন্ত লগেজরূপে বিমানে চাপিল। এই ভাবে সে গন্তব্য স্থানে পৌঁছিল সত্য, কিন্তু বাক্সের ভিতর থাকায় খুবই অসুস্থ হইয়া পড়িল। বিনা অনুমতিতে ইংল্যাণ্ড ত্যাগ করায় পুলিশ আদালতের বিচারে তাহার জরিমানা হইয়াছে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৭ই সেপ্টেম্বর ১৯৪৫

১৯৪৫ সালের ডিক্রীজারী

৪২৫ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং উর্ম্মিলা দাসী দাবি ৪০॥৶৬ থানা সাগরদীঘি মৌজে কোতলা ৩-৩৫ শতকের কাত ১৩/৯ আঃ ২০৲ থং ৫০

৪২৩ থাং ডিঃ ঐ দেং আলেকজান বিবি দাবি ২০৸৶৬ থানা ঐ মৌজে বুধি ২-৭ শতকের কাত ৫।/১৬ আঃ ১০৲ থং ১৬

৪২৪ থাং ডিঃ ঐ দেং কালীপদ চট্টোপাধ্যায় দিং দাবি ১৭৵৬ থানা ঐ মৌজে খৈরাটী ১৭ শতকের কাত ১॥৵০ আঃ ৩৲ থং ৬৭

৪২৬ থাং ডিঃ ঐ দেং অনাদি কুমার স্বর্ণকার দিং দাবি ৭৭॥৶৬ থানা ঐ মৌজে মোরগ্রাম ৪০ শতকের কাত ১।৩৸০ মণ চাউল আঃ ৩৲ থং ১০৭৪

৪২৭ থাং ডিঃ ঐ দেং নাকফুরী মাল দিং দাবি ৮৸৯ মৌজাদি ঐ ৪২ শতকের কাত ২।১১ আঃ ৫৲ থং ২৮১

৪২৮ থাং ডিঃ ঐ দেং মাজা বিবি দিং দাবি ২৫৻৯ থানা ঐ মৌজে শ্যামপুর ৭২ শতকের কাত ২৸১১ আঃ ৫৲ থং ৯৬

৩৭৯ থাং ডিঃ সেবাইত লক্ষ্মীনাথ লালা দেং রামনাথ সাহু মৃতান্তে ওয়ারিশ গঙ্গাপ্রসাদ সাহু নাবালক পক্ষে অলি মাতা বীণাপাণি দাসী দাবি ৫০॥৵০ থানা ঐ মৌজে মোরগ্রাম ২-৯০ শতকের কাত ১০৸৵১০ আঃ ৩০৲ থং ৪৯৪

৪৬১ থাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েণ্ট মাতোয়ালী মোঃ হুমায়ুন রেজা চৌধুরী দিং দেং কার্ত্তিকচন্দ্র সাহা দিং দাবি ২০৸৶৬ থানা সমসেরগঞ্জ মৌজে লালপুর ॥০৻৫ জমির কাত ১॥/০ আঃ ১০৲

৪৬৪ থাং ডিঃ ঐ দেং রামকু সাঁওতাল দিং দাবি ৬৭॥৶৩ থানা ফরক্কা মৌজে তালিপুর ১৫/০৻১০ জমির কাত ১১৲ আঃ ৫০৲

৪৬৫ থাং ডিঃ ঐ দেং নিয়াজুদ্দিন সেখ দিং দাবি ৪০৸৯ থানা ঐ মৌজে বাহাদুরপুর ২/২৻১২ জমির কাত ২৸/৫ আঃ ১০৲

৪৬৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০।৵০ মৌজাদি ঐ ১১ জমির কাত ॥৵৯ আঃ ৫৲

৪৬৭ থাং ডিঃ ঐ দেং আকুব সেখ দিং দাবি ১৭॥৶৩ থানা ঐ মৌজে ভৈরবডাঙ্গা ৬৩৩ জমির কাত ১৶৪ আঃ ১০৲

৫১৫ থাং ডিঃ ঐ দেং নাথু সরকার দাবি ২৯৸৶৯ থানা সমসেরগঞ্জ মৌজে দাঁতিয়া অনন্তপুর ৬॥১৩১৮ জমির কাত ৪॥৶০ আঃ ২৫৲ থং ৭০৭

৫০৭ থাং ডিঃ ঐ দেং সের মহাম্মদ মণ্ডল দিং দাবি ১৬৪৸৵৩ থানা ঐ মৌজে লোহরপুর ১৩।০৩১৫ জমির কাত ২৮/৬ আঃ ১২৫৲

৩৯৪ থাং ডিঃ শ্রীমতী রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং কেফাতুল্লা মণ্ডল দিং দাবি ১৯৸৵৬ থানা ফরক্কা মৌজে কুলী ৯৩ শতকের কাত ২॥০ আঃ ১৫৲ থং ৫

৩৯৫ থাং ডিঃ ঐ দেং যজ্ঞেশ্বর তাঁতি দাবি ২১৸/০ মৌজাদি ঐ ২২ শতকের কাত ৩/৮ আঃ ২০৲ থং ১৬১৯

৩৯৬ থাং ডিঃ ঐ দেং মহেন্দ্র মণ্ডল দিং দাবি ২৭॥/৩ মৌজাদি ঐ ১-৫৮ শতকের কাত ৪৶৩ আঃ ২০৲ থং ২২৬

৩৯৭ থাং ডিঃ ঐ দেং ভগবানচন্দ্র ভকত দিং দাবি ১৮৷৶৯ মৌজাদি ঐ ৪৮ শতকের কাত ২।০ আঃ ১৫৲ থং ১৪

৩৯৮ থাং ডিঃ ঐ দেং যজ্ঞেশ্বর তাঁতি দাবি ২৩৸৵০ মৌজাদি ঐ ৬৫ শতকের কাত ৩৸৶৭ আঃ ২০৲ থং ১১২৫

৩৯৯ থাং ডিঃ ঐ দেং উমেশচন্দ্র ঘোষ দিং দাবি ১২৶৯ মৌজাদি ঐ ১৪ শতকের কাত ১৲ আঃ ৫৲ থং ১৫২৭

৪৩১ থাং ডিঃ ঐ দেং জ্ঞানেন্দ্রনাথ রায় দিং দাবি ১৫৯৸০ মৌজাদি ঐ ১৯-৪৩ শতকের কাত ২৫৸৶৫ আঃ ১৫০৲ থং ১৮৮১

৪৮৮ থাং ডিঃ ঐ দেং সাবিরুদ্দিন মুন্সী দিং দাবি ১৯৩ মৌজাদি ঐ ৮০ শতকের কাত ২।৶০ আঃ ১৫৲ থং ৮৪৩

৪৩৩ থাং ডিঃ ঐ দেং গদাধর ঘোষ দিং দাবি ২৮৸০ থানা ঐ মৌজে গোবিন্দরামপুর ২-৬১ শতকের কাত ৩৸/০ আঃ ২০৲ থং ১৫১

৪৩৪ থাং ডিঃ ঐ দেং ইশমাইল সেখ দাবি ১০।৵৯ থানা ঐ মৌজে বেনিয়াগ্রাম ১-১৩ শতকের কাত ২৮ আঃ ১০৲ থং ৫৬৬

৪৯০ থাং ডিঃ ঐ দেং মাহিরুদ্দিন সেখ দিং দাবি ২৭॥৶০ থানা সমসেরগঞ্জ মৌজে চাচণ্ড ১-৪০ শতকের কাত ৩৵/১১ আঃ ২৫৲ থং ৬৭

৪৯২ থাং ডিঃ ঐ দেং আবু সেখ দিং দাবি ৬৩/৬ মৌজাদি ঐ ৩-৯ শতকের কাত ১০।৶৭ আঃ ৫৫৲ থং ৫৯

৪৯১ থাং ডিঃ ঐ দেং আমিরুদ্দিন সেখ দিং দাবি ১৫৸৵০ থানা ফরক্কা মৌজে দোহিতপুর ১-৯৬ শতকের কাত ১।৭ আঃ ১০৲ থং ১১৩

৪৯৩ থাং ডিঃ জ্যোতিশচন্দ্র সরকার দেং শ্রীশচন্দ্র সাহা দিং দাবি ১৮॥৵৩ থানা ফরক্কা মৌজে মমরেজপুর ১-১৭ শতকের কাত ২।/৩৸০ আঃ ১৫৲ থং ৯৭৪

৫০৯ থাং ডিঃ শ্রীমতী রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং আশদ্দি সেখ দিং দাবি ৩৮/৯ থানা ফরক্কা মৌজে কুলী ১-১৪ শতকের কাত ৪॥৭ আঃ ৩০৲ থং ৯১৫

৫৩০ থাং ডিঃ সমরেন্দ্রনাথ রায় দেং কবির খাঁ দিং দাবি ৩৬৵/৩ থানা ফরক্কা মৌজে চক মুস্কিনগর ৭২ শতকের কাত ৫৸০ আঃ ২০৲ থং ১১৮৩

৪১২ থাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দিং দেং শচীন্দ্রনাথ রায় দাবি ৮॥৵৩ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ৩৭ শতকের সেস ৵০ আঃ ৫৲ থং ৩০৩৫

৫০১ থাং ডিঃ সেবাইত মদনমোহন দাস মহান্ত দিং দেং যদুনাথ রায় দিং দাবি ৩৫৶০ থানা সাগরদীঘি মৌজে মোড়গ্রাম ১-১ শতকের কাত ৫৵০ আঃ ২৫৲ থং ১১৪৭

## চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত
## নিলামের দিন ২৮শে সেপ্টেম্বর ১৯৪৫

### ১৯৪০ সালের ডিক্রীজারী

২৫ মনি ডিঃ দেলমহম্মদ বিশ্বাস দিং দেং বিষ্ণুচরণ সরকার দাবি ৩১১॥৶০ থানা সাগরদীঘি মৌজে হুকমাপুর ২-১৯ শতকের কাত ৯॥/০ আঃ ১১৫৲ থং ৫৩

---

## নিমতিতায় জনসভা

(সংবাদদাতা)

গত ১৯শে আগষ্ট, রবিবার, শ্রীযুক্ত রাধানাথ চৌধুরীর সভাপতিত্বে নিমতিতায় একটি বিরাট জনসভা হইয়া গিয়াছে। স্থানীয় উচ্চ ইংরাজী বিদ্যালয়ের ছাত্রবৃন্দ, ঔরঙ্গাবাদ ও পার্শ্ববর্ত্তী অঞ্চলের বহু সংখ্যক হিন্দু ও মুসলমান গ্রামবাসীগণ দলে দলে সভায় আসিয়া যোগদান করে। একটি প্রস্তাব দ্বারা বিনা বিচারে অবরুদ্ধ বাঙলার অপ্রতিদ্বন্দ্বী জননায়ক শ্রীযুক্ত শরৎচন্দ্র বসু ও ... টাক রাজবন্দীগণের অবিলম্বে বিনা সর্ত্তে মুক্তি দি... না। জানান হয় এবং অপর একটি প্রস্তাব দ্বারা সর্ব্বস... বিপুল হর্ষধ্বনির মধ্যে শ্রীযুক্ত শরৎচন্দ্র বসুকে 'দেশ... উপাধি প্রদান করা হয়। ইহা ব্যতীত বাঙলায় গভ... শাসনের অবসান, বাঙলা হইতে চাউল রপ্তানির প্রতি... বস্ত্র-সঙ্কট ও ফুড কমিটিগুলির দুর্নীতি সম্বন্ধে প্রস্তাব গৃহীত হইয়াছে। ইহার পর মুর্শিদাবাদের জননায়ক শ্রীযুক্ত শশাঙ্কশেখর সান্যাল, এম-এল-এ, প্রায় এক ঘণ্টাকাল বক্তৃতা করেন। বক্তৃতা প্রসঙ্গে বিভিন্ন বিষয়ের মধ্যে তিনি রাষ্ট্রীয় স্বাধীনতা অর্জ্জনের জন্য হিন্দু-মুসলীম ঐক্যের প্রয়োজনীয়তা উল্লেখ করিয়া বলেন যে একমাত্র কংগ্রেসই হিন্দু-মুসলমানের মধ্যে ঐক্য স্থাপন করিতে সক্ষম। এই সংগ্রামশীল জাতীয় প্রতিষ্ঠানের দ্বার হিন্দু, মুসলমান, জৈন ও ভারতীয় খৃষ্টান সকল সম্প্রদায়ের লোকের জন্য উন্মুক্ত। তিনি কংগ্রেসকে শক্তিশালী করিবার জন্য সকলকে অনুরোধ জানান।

সভার প্রারম্ভে শ্রীযুক্ত রাধানাথ চৌধুরী সভাস্থলে সংগৃহীত ১২৬৲ টাকার একটি তোড়া মুর্শিদাবাদ জেলা রাজবন্দী সাহায্য ভাণ্ডারে দিবার উদ্দেশ্যে শ্রীযুক্ত শশাঙ্কশেখর সান্যালের হস্তে অর্পণ করেন।

সভায় শ্রীযুক্ত সাকেতরঞ্জন ব্রহ্ম, শ্রীযুক্ত শম্ভুচরণ রায়, শ্রীযুক্ত ধীরেন্দ্রনাথ ঘোষ, শ্রীযুক্ত হারাধন সিংহ, শ্রীযুক্ত সত্যবান দাস প্রভৃতি কংগ্রেস কর্ম্মীগণ উপস্থিত ছিলেন ও বক্তৃতা করিয়াছিলেন।

---

## মুষ্টিযোগ

'কৃমিনাশক ঔষধ'

স্থলজ তিক্ত ভেঁট গাছের পত্রের রস পূর্ণ বয়স্ক ব্যক্তির জন্য এক তোলা, বালকের জন্য সিকি তোলা, গো বৎসের জন্য ৫ পাঁচ তোলা এক মাত্রা প্রত্যহ প্রাতে তিন দিন খাওয়াইলে কেঁচোবৎ কৃমি জীবন্ত অথবা মৃত অবস্থায় পতিত হয়।

মন্মথনাথ সরকার H. A.,
রঘুনাথগঞ্জ

---

(পর পৃষ্ঠা দেখুন।)

৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প

ডাক মাশুল লাগে না।

প্রাপ্তিস্থান :—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ।

**STAMPED.**
**ORIGINAL.**
**REFUSED.**
**FILED.**
**DUPLICATE.**
**BOOK-POST.**
**URGENT.**
**CANCELLED.**
**ANSWERED.**
**PAID.**
**COPIED.**
**REGISTERED.**

---

## ঘোষ এণ্ড সন্স

প্রসিদ্ধ টাইল নির্ম্মাতা

ঘর ছাওয়াইবার রাণীগঞ্জ প্যাটার্ণের টাইল বিক্রয় জন্য প্রস্তুত আছে।

প্রোঃ শ্রীসুরেশচন্দ্র ঘোষ
পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

---


হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।

---




---

## দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর ক্রিমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত